দৈনিক সংবাদ

তারিখ 14 OCT 1988 ... ...
পৃষ্ঠা... ৮ কলাম ... ২ ...

# শিক্ষানীতিতে জাতির আশা-আকাঙ্খা পূরণ হওয়া উচিত

—জাফর

প্রধানমন্ত্রী কাজী জাফর আহমদ বলেছেন, দেশের শিক্ষা নীতিতে জাতির আশা-আকাংক্ষা পূরন হওয়া উচিত।

তিনি বলেন, একটি স্বাধীন দেশে দু' ধরনের শিক্ষানীতি কাম্য নয়। তথ্য বিবরণীর বরাত দিয়ে বাসস জানায়, প্রধানমন্ত্রী গতকাল ঢাকায় ওয়াপদা মিলনায়তনে কিণ্ডার গার্টেন এসোসিয়েশনের এক মহাসমাবেশে বক্তৃতা করছিলেন।

এসোসিয়েশনের চেয়ারম্যান খন্দকার রাইসুল আলমের সভাপতিত্বে অনুষ্ঠিত এই সমাবেশে মৎস্য ও পশুপালন মন্ত্রী সুনীল গুপ্ত, শিক্ষা প্রতিমন্ত্রী নিতাই রায় চৌধুরী, সংসদ সদস্য মোহাম্মদ শাহজাহান এবং ডঃ মোহাম্মদ আজহার আলীও বক্তৃতা করেন।

কাজী জাফর আহমদ বলেন, শিক্ষার নামে আমাদের কোমলমতি শিশুদের বিদেশী সংস্কৃতিতে প্রভাবিত করা উচিত নয়। তিনি বলেন, সরকার কিণ্ডার গার্টেনগুলোর পাঠ্যসূচী ও শিক্ষা পদ্ধতি পরীক্ষা করে দেখার সিদ্ধান্ত নিয়েছেন। পাঠ্যসূচীতে জাতীয় সংস্কৃতির বাইরের কিছু আছে কিনা তা যাচাই করে দেখাই এর উদ্দেশ্য।

কাজী জাফর বলেন, সরকার দু'হাজার সালের মধ্যে সকলের কাছে শিক্ষা পৌছে দেয়ার জন্যে বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করেছেন।

তিনি আশা প্রকাশ করেন যে, জাতীয় শিক্ষা নীতির আওতায় আসার মাধ্যমে কিণ্ডার গার্টেনগুলো জাতীয় শিক্ষা ব্যবস্থায় অবদান রাখার জন্যে এগিয়ে আসবে।

চট্টগ্রাম সিটি কলেজ